

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 12-01-2025**

**Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবর -**

- ১) স্বামী বিবেকানন্দের ১৬৩ তম জন্মবার্ষিকী উপলক্ষে যুব দিবসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীর ভারত মন্ডপমে বিকশিত ভারতীয় ইয়ং লিডার্স ডায়লগে যুব সম্প্রদায়ের সঙ্গে ভবিষ্যত্ ভারত নিয়ে আলাপ আলোচনা করবেন।
- ২) গোটা দেশের সঙ্গে এরাজ্যও যথাযথ মর্যাদায় স্বামী বিবেকানন্দের জন্ম দিবসে নানা কর্মসূচী পালিত হচ্ছে।
- ৩) মেদিনীপুর মেডিকেল কলেজে প্রসূতী মৃত্যুর ঘটনায় স্বাস্থ্য দপ্তর একটি নির্দিষ্ট সংস্থার তৈরি স্যালাইন ব্যবহারের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে।  
এই ঘটনায় রাজ্য জুড়ে প্রতিবাদ কর্মসূচী নিয়েছে বিজেপি ও বামেরা।
- ৪) মেট্রোরেল আগামীকাল থেকে কবি সুভাষ ও দমদমের মধ্যে পরীক্ষামূলকভাবে বেশি ট্রেন চালাবে।
- ৫) আইএসএল ফুটবলে মোহনবাগান সুপারজায়ান্ট চিরপ্রতিদ্বন্দ্বী ইস্টবেঙ্গলকে এবং মহমেডন স্পোর্টিং বেঙ্গালুরু এফসিকে হারিয়ে দিয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী উপলক্ষ্যে যুব সম্প্রদায়ের সঙ্গে আলোপ আলোচনায় অংশ নেবেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে শ্রী মোদী বলেছেন ১২ই জানুয়ারী একটি বিশেষ দিন। বিকশিত ভারত ইয়ং লিডারস ডায়লগ ২০২৫ উপলক্ষ্যে গোটা দিনটিতে তিনি নতুন দিল্লীর ভারত মন্ডপমে বিকশিত ভারত কর্মসূচীর বিভিন্ন বিষয় নিয়ে যুব সম্প্রদায়ের সঙ্গে আলোচনা করবেন। তাদের সঙ্গে মধ্যাহ্ন ভোজেও মিলিত হবেন।

প্রধানমন্ত্রী এই উপলক্ষ্যে ১০ টি বিষয়ের ওপর লেখা সেরা প্রবন্ধের একটি সংকলনও প্রকাশ করবেন। প্রযুক্তি, নারী ক্ষমতায়ন, ম্যানুফ্যাকচারিং ও কৃষির মত বিভিন্ন বিষয় নিয়ে প্রবন্ধ গুলি লেখা হয়েছে।

বিকশিত ভারত ডায়লগের মাধ্যমে যুব সম্প্রদায়, নীতি নির্ধারক এবং আন্তর্জাতিক ক্ষেত্রে পরিচিত বিভিন্ন স্বনামধন্য ব্যক্তিদের সঙ্গে দেশের ভবিষ্যৎ কর্মসূচী নিয়ে আলোপ আলোচনার সুযোগ পাবেন।

---

নানা ধর্মীয় অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ স্বামী বিবেকানন্দের ১৬৩ তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে। স্বামীজীর জন্মদিনটি দেশজুড়ে জাতীয় যুব দিবস হিসেবেও উদযাপিত হয়। স্বামী বিবেকানন্দের জন্মদিন উপলক্ষ্যে পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে রাজ্যস্তরে দিনটি বিবেক চেতনা উৎসব হিসেবে পালিত হচ্ছে। উত্তর কলকাতার শিমলা স্ট্রিটে স্বামীজীর জন্ম ভিটেতে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সকালে স্বামীজীর প্রতিকৃতি সহ বর্ণাত্য শোভাযাত্রা হবে। স্কুল পড়ুয়া সহ বহু মানুষ ওই শোভাযাত্রায় অংশ নেবেন। বিবেকানন্দ বন্দনা, ভজন, ভক্তিমূলক গান, স্বামীজীর জীবন ও বাণী আলোচনা

সহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে স্বামীজীর পৈতৃক বাড়িতে। স্বামীজীর জন্মবার্ষিকী উপলক্ষে বেলুড় মঠেও নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এছাড়া স্কুল, কলেজ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সংগঠন, কলকাতা পুরসভা সহ বিভিন্ন সংস্থা স্বামীজীর জন্মবার্ষিকী উপলক্ষে তাঁকে শ্রদ্ধা জানাতে নানা অনুষ্ঠানের আয়োজন করেছে। স্বামীজীর প্রতি শ্রদ্ধা জানাতে প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকে পদযাত্রার আয়োজন করা হয়েছে।

---

মেদিনীপুর মেডিকেল কলেজে প্রসূতি মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে গতকাল ১৩ সদস্যের এক তদন্ত কমিটি হাসপাতাল পরিদর্শন করেন। ওই তদন্ত কমিটি পরে জেলাশাসক, জেলা স্বাস্থ্য আধিকারিক সহ হাসপাতাল কর্তৃপক্ষের সঙ্গে একটি বৈঠক করে। ওই কমিটিতে বিশিষ্ট চিকিৎসকদের পাশাপাশি স্বাস্থ্য কর্তারাও আছেন।

যে স্যালাইন প্রয়োগের ফলে শুক্রবার মামনি রুইদাস নামে প্রসূতির মৃত্যু হয়েছিল বলে অভিযোগ, তার নমুনা পরীক্ষার জন্য ড্রাগকট্রোলে পাঠানো হয়েছে। ঘটনার তদন্তে মেদিনীপুর মেডিকেল কলেজও একটি মাল্টি ডিসিপ্লিনারী কমিটি গঠন করেছে।

উল্লেখ্য, গত নভেম্বর মাসে স্যালাইন উৎপাদক ওই সংস্থাটিকে কর্ণাটক সরকার কালো তালিকাভুক্ত করেছিল। এরপর গত ১০-ই ডিসেম্বর ওই সংস্থার স্যালাইনের উৎপাদন ও সরবরাহ বন্ধের নির্দেশ দিয়েছিল রাজ্যের ড্রাগকট্রোল।

পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালস্ নামের ওই ওষুধ প্রস্তুতকারী সংস্থার ওষুধের ব্যবহারের ওপর নিষেধাজ্ঞা জারি করার পরেও রাজ্যের বেশকিছু জেলায় সরকারী হাসপাতালে ওই ওষুধ সংস্থার স্যালাইন ব্যবহার করা হয়েছে বলে জানা গেছে।

---

মেদিনীপুর মেডিকেল কলেজে নিম্নমানের স্যালাইনের জেরে প্রসূতি মৃত্যুকে কেন্দ্র করে রাজ্যের হাসপাতালগুলিতে কড়া নির্দেশ পাঠাগো স্বাস্থ্য দফতর। ওই নির্দেশে বলা হয়েছে, নির্দিষ্ট একটি সংস্থার তৈরি স্যালাইন ব্যবহারের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। ওই সংস্থার তৈরি স্যালাইন সরকারী গবেষণাগারে পরীক্ষা করা হচ্ছে। যতক্ষণ না সেই পরীক্ষার রিপোর্ট সামনে আসছে, ততক্ষণ ওই সংস্থাটির তৈরি স্যালাইন ব্যবহার করা যাবে না। স্বাস্থ্য দফতরের এই নির্দেশ পাওয়ার পর আর জি কর মেডিকেল কলেজ থেকে একটি নির্দেশিকা জারি করে ১০ ধরনের স্যালাইনকে নিষিদ্ধ করা হয়েছে।

---

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে ব্যবহৃত স্যালাইন নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে রাজ্যের নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ দফতরের মন্ত্রী শশী পাঁজা বলেন, এ বিষয় নিয়ে স্বাস্থ্য দপ্তর পদক্ষেপ নিয়েছে। অসাধু কারবার বন্ধ করার জন্য রাজ্যের স্বাস্থ্য দফতর বরাবরের মতো এবারও যথাযথ পদক্ষেপ করছে।

(বাইট - শশী)

---

২০২২ সালে যে সংস্থার মেয়াদ শেষ হয়ে গেছে সেই সংস্থার মেয়াদ বৃদ্ধি করে স্যালাইন সরবরাহ করার সুযোগ করে দেওয়ার জন্য রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী ও স্বাস্থ্য সচিবের বিরুদ্ধে এফআইআর হওয়া উচিত বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। মধ্যমগ্রামে গতকাল এক অনুষ্ঠানে তিনি সাংবাদিকদের বলেন, অর্থের বিনিময়ে এই মেয়াদ বাড়ানো হয়েছে। তিনি আরও বলেন, ভারতের ড্রাগস কন্ট্রোলার

জেনারেলকে এই বিষয়ে পদক্ষেপ নিতে বলে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড়াকে অনুরোধ করা হয়েছে।

(বাইট - শুভেন্দু)

সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী রাজ্যের স্বাস্থ্য সচিবের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি তুলেছেন।

(বাইট - সুজন)

---

মেদিনীপুর মেডিক্যাল কলেজে জাল স্যালাইন ব্যবহারে প্রসূতি মৃত্যুর ঘটনার প্রতিবাদে গতকাল মেদিনীপুরে ছাত্র যুব মহিলাদের প্রতিবাদ কর্মসূচি চলাকালীন পুলিশের ধরপাকড়ের তীব্র নিন্দা করেছে সিপিআইএম। দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম গতকাল এক বিবৃতিতে বলেন, হাসপাতালে নিষিদ্ধ, জাল স্যালাইন সাপ্লাইয়ের দুষ্ট চক্র চলেছে, কিন্তু সরকারের স্বাস্থ্য প্রশাসন কোনো ব্যবস্থা নেয় নি।

এই পরিস্থিতি চললে রোগী ডাঙ্গার ছাত্র যুব শ্রমিক কৃষক খেতমজুর সবাই মিলে স্বাস্থ্যভবন অভিযান করবে বলে সেলিম ঝঁশিয়ারি দেন।

উল্লেখ্য, গতকাল মেদিনীপুরে ছাত্র যুব মহিলাদের প্রতিবাদ বিক্ষোভের সময় পুলিশ সিপিআইএম এর পশ্চিম মেদিনীপুর জেলা কমিটির সম্পাদক বিজয় পাল সহ ছাত্র যুব মহিলা প্রতিবাদী কর্মীদের ধরে। এদিকে, ওই ঘটনার প্রতিবাদে বাম যুব মহিলা সংগঠন এসএফআই DYFI, AIDWA আজ রাজ্য জুড়ে রাস্তা অবরোধ কর্মসূচির ডাক দিয়েছে।

এই ঘটনার প্রতিবাদে ভারতীয় জনতা যুব মোচার পক্ষ থেকেও আজ মেদিনীপুর মেডিকেল কলেজ ও হাসপাতালে বিক্ষোভ কর্মসূচির ডাক দেওয়া হয়েছে।

---

মেদিনীপুর মেডিক্যাল কলেজের এক মাসের মৃত্যুর ঘটনার প্রতিবাদ জানিয়ে  
গতকাল মেডিক্যাল সার্ভিস সেন্টার এবং হাসপাতাল ও জনস্বাস্থ্য রক্ষা কমিটির পক্ষ  
থেকে কলেজের প্রিসিপালের কাছে স্মারকলিপি জমা দেওয়া হয়। সংগঠনের তরফে  
প্রশ্ন তোলা হয়, কালো তালিকাভুক্ত ওষুধ সংস্থা দ্বারা প্রস্তুত রিপোর্ট ল্যাকটেট স্যালাইন  
বোতল সহ কিছু নিম্নমানের ওষুধের বিরুদ্ধে স্বাস্থ্য ভবন এবং বিভিন্ন জেলা স্বাস্থ্য  
আধিকারিক সহ সর্বোচ্চ কর্তৃপক্ষের কাছে আগেই অভিযোগ জমা পড়েছিল। তা সত্ত্বেও  
ওই ফার্মাসিউটিক্যাল কোম্পানির ওষুধ ব্যবহার করা হল কেন? বিচার বিভাগীয় তদন্তের  
মাধ্যমে সমস্ত দোষীদের বিচারের আওতায় এনে এই জাল ওষুধ চক্রকে নির্মূল করার  
দাবি জানানো হয়।

ওয়েস্ট বেঙ্গল ড্রষ্টার্স ফ্রন্টের পক্ষে ডাক্তার পুণ্যবৃত্ত গুণ ও ডাক্তার হীরালাল  
কোনার অভিযোগ করেছেন নিম্নমানের ভেজাল ওষুধগুলি নিয়ে কি করা হবে তা স্বাস্থ্য  
দপ্তরের নির্দেশিকায় বলা ছিল না। তারা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার  
দাবি তোলেন।

---

এদিকে, মেদিনীপুর মেডিকেল কলেজে চারতলায় কার্ডিওলজি বিভাগের একটি  
ঘরে গতরাতে আগুন লাগে। দমকল সূত্রে জানায়ায়, রাত দেড়টা নাগাদ খালি ঘরে  
এই আগুন লাগে। দমকলের একটি গাড়ি একঘন্টার চেষ্টায় আগুন  
আয়ত্তে আনে। হতাহতের কোনো খবর নেই। আগুন লাগার পরপরই আশপাশের ঘর  
থেকে রোগীদের অন্যত্র সরিয়ে দেওয়া হয়।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৯ শে জানুয়ারী রবিবার আকাশবাণীতে 'মন কি বাত'-অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মন কি বাতের ১১৮তম পর্ব।

টোল ফ্রি নম্বর ১৮০০-১১-৭৮০০-তে ফোন করে জনগণ তাদের মতামত ও পরামর্শ জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ বা মাই গভ ওপেন ফোরামের মাধ্যমে অনলাইনেও তা এমাসের ১৭ তারিখ পর্যন্ত জানানো যাবে।

অনুষ্ঠানটি সকাল ১১ টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সব কঠি প্রচার তরঙ্গ, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজএয়ার মোবাইল অ্যাপে সম্প্রচার করা হবে। এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলগুলিতেও সরাসরি তা শোনা যাবে। আকাশবাণীতে হিন্দি ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় তা সম্প্রচারিত হবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার তর্জমা পুনঃ প্রচারিত হবে।

---

মেট্রো রেল আগামীকাল থেকে দমদম ও কবি সুভাষ স্টেশনের মধ্যে পরীক্ষামূলক ভাবে সকাল ও সন্ধ্যায় ৭ টি আপ ও ৭ টি ডাউন সহ মোট ১৪ টি অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। সকাল ৯ টা থেকে ১১ টা এবং বিকেল ৫ টা থেকে সন্ধ্যা ৮ টা পর্যন্ত এই ট্রেন গুলি চালানো হবে বলে মেট্রো রেল সূত্রের খবর। ওই সময়ের মধ্যে দমদম থেকে কবি সুভাষ এবং কবি সুভাষ থেকে দমদমের মধ্যে যাত্রীরা ৬ মিনিট অন্তর ট্রেন পরিষেবা পাবেন। তবে, নোয়াপাড়া থেকে কবি সুভাষ, কবি সুভাষ থেকে

দক্ষিণেশ্বর, দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষ, মহানায়ক উত্তম কুমার থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত পরিষেবার সময় অপরিবর্তিত থাকবে। দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষ এর শেষ ট্রেন পরিষেবা রাত ৯ টা ৩৩ মিনিটের পরিবর্তে ৯ টা ২৮ মিনিটে হবে। সোম থেকে শুক্রবার পর্যন্ত কবি সুভাষ ও দমদম থেকে স্পেশাল মেট্রো পরিষেবা যথারীতি রাত ১০ টা ৪০ মিনিটে পাওয়া যাবে বলে মেট্রো রেল সূত্রের খবর।

---

মকর সংক্রান্তির মাহেন্দ্রক্ষণের আগেই মানুষের ভিড়ে জমজমাট পুণ্যতীর্থ গঙ্গাসাগর। তাপমাত্রার পারদ নিম্নমূখী। উত্তুরে হাওয়ায় জরুরিবু সাগরে আসা পুন্যারথী ও সাধু সন্তরা। মঙ্গলবার পর্যন্ত একই রকম ঠান্ডার দাপট থাকবে বলে আবহাওয়া দণ্ডের জানিয়েছে। এবারের মেলায় বিদেশ থেকে প্রচুর ইসকন ভক্ত এসেছেন। গতকাল থেকে শুরু হয়ে গেছে সাগর প্রবচন ও সাগর আরতি। ১৫ তারিখ পর্যন্ত এগুলি চলবে। এবারে প্রয়াগরাজে মহাকৃষ্ণ থাকায় ভিন্ন রাজ্যের বহু পুন্যারথী সাগর স্নান সেরে মহাকৃষ্ণে রওনা দিচ্ছেন।

---

মকর সংক্রান্তি উপলক্ষে আগামী মঙ্গলবার গঙ্গায় পুণ্যার্থীদের পুণ্য স্নান নির্বিঘ্নে সম্পন্ন করতে রাজ্য প্রশাসনের অনুরোধে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন ওই দিন ভোর চারটে থেকে বিকেল তিনটে পর্যন্ত চক্ররেল চলাচলে নিয়ন্ত্রণ করার পরিকল্পনা নিয়েছে।

---

গুয়াহাটিতে গতকাল ISL ফুটবলের শুরুত্বপূর্ণ ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট, ইস্টবেঙ্গলকে ১- ০ গোলে পরাজিত করেছে। খেলার একেবারে শুরুতে দু মিনিটের মাথায় একমাত্র গোলটি করেন জেমি ম্যাকলারেন।

অন্যদিকে, ব্যাঙ্গালুরুর কান্তিরাভা স্টেডিয়ামে গতকাল আইএসএল ফুটবলের অপর ম্যাচে মহামেডান স্পোর্টিং ১-০ গোলে ব্যাঙ্গালুরু এফসিকে হারিয়ে দিয়েছে। ম্যাচের ৮৮ মিনিটে মহামেডানের হয়ে জয়সূচক গোলটি করেন মিরজালোল কোসিমভ।

---